

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০৭.২০১৬-২৪৩


তারিখঃ ২৬ আশ্বিন ১৪২৪  
১১ অক্টোবর ২০১৭

বিষয়: ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সেবাসহ অন্যান্য সেবা সহজিকরণের জন্য নির্বাচিত সেবার নাম ও কার্যক্রমের প্রতিবেদন প্রেরণ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৮৩৩.০২.০০১.১৭.০৭, তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সরকারি সেবা নাগরিকগণের দোরগোড়ায় কম সময়ে, কম খরচে ও ভোগান্তিবিহীনভাবে পৌঁছে দেওয়ার নিমিত্ত মন্ত্রণালয়/বিভাগ ও তার আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহ সেবা প্রক্রিয়া সহজিকরণের কার্যক্রম পরিচালনা করছে। সে মোতাবেক কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণ ও পরিবীক্ষণের জন্য গঠিত কমিটির সভা অক্টোবর ২০১৭ হতে প্রতিমাসের প্রথম সপ্তাহে নিয়মিত অনুষ্ঠিত হবে। উক্ত সভায় উপস্থাপনের নিমিত্ত সেবা প্রক্রিয়া সহজিকরণের জন্য কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন সংযুক্ত ছক মোতাবেক আবশ্যিকভাবে ০২ (দুই) কার্যদিবসের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্ত: বর্ণনামতে ০১ (এক) পাতা।

  
(মো. লুৎফুর রহমান)  
উপসচিব

ফোন: ৯৫৪০৩৬২

ই-মেইল: [monitor@mohfw.gov.bd](mailto:monitor@mohfw.gov.bd)

**কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৫. ওয়ার্কসপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

**জ্ঞাতার্থেঃ**

১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।